

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৫৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ পরিবারের লোকদের সালাতুল লাইল পড়ার নির্দেশ প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ الْأُمْرِ لِلْمَرْءِ أَهْلَهُ بِصَلَاةِ اللَّيْلِ

## আরবী

2557 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ عَنْ أَبِيهِ عَنْ صَالِحِ بْنِ كَيْسَانَ عَنِ ابْنِ شِهَابٍ قَالَ: أَخْبَرَنِي عَلِيُّ بْنُ الْحُسَيْنِ إِبْرَاهِيمَ عَنْ أَبِيهِ عَنْ صَالِحِ بْنِ كَيْسَانَ عَنِ ابْنِ شِهَابٍ قَالَ: أَخْبَرَهُ أَنَّ عَلِيَّ بْنَ أَبِي طَالِبٍ أَخْبَرَهُ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم طرقَةُ فَقَالَ: (أَلَا تُصَلُّون؟) فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنَّمَا أَنْفُسُنَا بِيَدِ اللَّهِ فَإِذَا شَاءَ أَنْ يَبْعَثَنَا بَعَثَنَا بَعَرَقُ وَهُو يَضِرُبُ بِيدِهِ وَيَقُولُ: {وَكَانَ الْإِنْسَانُ أَكْثَرَ شَيْءٍ جَدَلًا} [الكهف: 54] المصدر : العلامة ناصر الدين الألباني المصدر : المعالى على صحيح ابن حبان المحدث: صحيح ـ ((صحيح الأدب المفرد)) الصفحة أو الرقم: 5525 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح الأدب المفرد)) ((التعليق على صحيح ابن خزيمة)) (1140): ق.

## বাংলা

২৫৫৭. আলী বিন আবী তালিব রাদ্যাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার দরজায় করাঘাত করে বললেন, "তোমরা কি সালাত আদায় কর না?" তখন আমি বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নিশ্চয়ই আমাদের আত্নাগুলো আল্লাহর হাতে। যখন তিনি আমাদের জাগিয়ে তুলতে চান, তখন তিনি জাগিয়ে দেন। যখন আমি এটা বললাম, তখন তিনি আমার কথার কোন প্রতিউত্তর না করে চলে যান। তারপর আমি শুনতে পাই, তিনি হাত দিয়ে আঘাত করেন এবং বলেন, وَكَانَ شَيْءٍ جَدَلًا (আর মানুষ অতিশয় তর্ক প্রবণ।– সূরা কাহফ: ৫৪)।"[1]

## ফুটনোট



[1] সহীহ আল বুখারী: ৪৭২৪; আবূ আওয়ানা: ২/২৯২; মুসনাদ আহমাদ: ১/৯১; সহীহ মুসলিম: ৭৭৫; সহীহ ইবনু খুয়াইমাহ: ১১৩৯; সুনান বাইহাকী: ২/৫০০; নাসাঈ: ৩/২০৫।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকু আলা সহীহ ইবনু খুযাইমাহ: ১১৪০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন